



শিক্ষা নিয়ে গড়বো দেশ
শেখ হাসিনার বাংলাদেশ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা
www.dshe.gov.bd



স্মারক নং- ৩৭.০২.০০০০.১০৩.৪৩.০০১.১৯-১৩১,

তারিখ: ১৯/০২/২০২৩ খ্রি.

অফিস আদেশ

“সরকারিকৃত কলেজ শিক্ষক ও কর্মচারী আত্মীকরণ বিধিমালা-২০১৮”-এর আলোকে সদ্য সরকারিকৃত লংগদু সরকারি মডেল কলেজ, লংগদু, রাজশাহী পার্বত্য জেলা এর অধ্যক্ষ জনাব মোহাম্মদ শহীদুল্লাহ গত ০৬/০২/২০২৩ খ্রি. তারিখে অবসর গ্রহণ করেছেন। সে লক্ষ্যে অধ্যক্ষ উপজেলা নির্বাহী অফিসারের মাধ্যমে পরবর্তী অধ্যক্ষ (ভারপ্রাপ্ত) হিসেবে দায়িত্ব পালনের অনুমতি প্রদানের নিমিত্তে কলেজের জ্যেষ্ঠতম শিক্ষকবৃন্দের আনুষঙ্গিক কাগজপত্রাদিসহ চাকরি সংক্রান্ত তথ্যাদি সম্বলিত পূরণকৃত ‘তথ্য ছক’ এই অধিদপ্তরে দাখিল করেছেন। সেক্ষেত্রে ‘জনবলকাঠামো ও এমপিও নীতিমালা-২০২১’ এর ধারা- ১৩ ও সরকারিকৃত কলেজ শিক্ষক ও কর্মচারী আত্মীকরণ বিধিমালা, ২০১৮ এর ধারা ৭ (১০) অনুচ্ছেদ অনুযায়ী সংশ্লিষ্ট কলেজের জ্যেষ্ঠতম শিক্ষক জনাব মোঃ আজগর আলী ইনডেক্স নং-১৮৩২৭৬১, সহকারী অধ্যাপক (ব্যবস্থাপনা)-কে বর্ণিত কলেজে পরবর্তী অধ্যক্ষ/উপাধ্যক্ষ পদায়ন না হওয়া পর্যন্ত ভারপ্রাপ্ত অধ্যক্ষের দায়িত্ব প্রদান করা যেতে পারে এবং শিক্ষা মন্ত্রণালয়ের ২৭/০৮/২০১৮ খ্রি. তারিখের নং-৩৭.০০.০০০০.০৭০.০০২.০০৪.২০১৮-৮৮ সংখ্যক স্মারকপত্রের নির্দেশনা অনুযায়ী কলেজের আর্থিক বিষয়াদিসহ অন্যান্য প্রশাসনিক সকল কার্যক্রম পরিচালনা করার জন্য নির্দেশনা প্রদান করা হলো।

১. প্রশাসনিক পদ অধ্যক্ষ/উপাধ্যক্ষ পূরণ হওয়ার সাথে সাথে এ আদেশ স্বয়ংক্রিয়ভাবে বাতিল হবে।
২. তাঁর অবসরোত্তর ছুটি/অবসরের সাথে সাথে বিধি অনুযায়ী দায়িত্ব হস্তান্তর করতে হবে।
৩. দায়িত্বকালীন সময়ের আর্থিক বিষয়সহ সকল কাজে ভারপ্রাপ্ত অধ্যক্ষ দায়বদ্ধ থাকবেন।
৪. আর্থিক ক্ষমতাসহ পরবর্তী ভারপ্রাপ্ত অধ্যক্ষ মনোনয়নের জন্য তাঁর অবসরোত্তর ছুটি/অবসরের অন্তত এক মাস পূর্বে ৫(পাঁচ) জন জ্যেষ্ঠ শিক্ষকের তথ্যসহ তালিকা প্রেরণ করতে হবে।

যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।

স্বাক্ষরিত/-

(অধ্যাপক নেহাল আহমেদ)

মহাপরিচালক

ফোন: ০২-২২৩৩৫১০৫৭

তারিখ: ১৯/০২/২০২৩ খ্রি.

স্মারক নং- ৩৭.০২.০০০০.১০৩.৪৩.০০১.১৯-১৩১

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ০১। সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা;
- ০২। পরিচালক (কলেজ ও প্রশাসন), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা;
- ০৩। পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, চট্টগ্রাম অঞ্চল, চট্টগ্রাম;
- ০৪। জেলা প্রশাসক.....;
- ০৫। উপপরিচালক (কলেজ-১), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা;
- ০৬। উপজেলা নির্বাহী অফিসার.....;
- ০৭। উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা.....;
- ০৮। জনাব.....;
- ০৯। সংশ্লিষ্ট ব্যাংক ম্যানেজার.....;
- ১০। সংরক্ষণ নথি।

(মীর রাহাত মাসুম-১৬৩৯৮)

সহকারী পরিচালক (কলেজ-৪)

ফোন-৪১০৫০২৮৭